# ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ১০৭

## আরবি মূল আয়াত:

لَّا تَرٰى فِیۡهَا عِوَجًا وَّ لَاۤ اَمۡتًا ﴿۱۰۷﴾

## অনুবাদসমূহ:

‘তাতে তুমি কোন বক্রতা ও উচ্চতা দেখবে না’। — আল-বায়ান

তাতে তুমি দেখবে না কোন বক্রতা ও উচ্চতা। — তাইসিরুল

যাতে তুমি বক্রতা ও উচ্চতা দেখবেনা। — মুজিবুর রহমান

You will not see therein a depression or an elevation." — Sahih International

### ১০৭. যাতে আপনি বাঁকা ও উঁচু দেখবেন না।(১)

(১) এ পাহাড়গুলো ভেঙ্গে বালুকারাশির মতো গুড়ো গুড়ো করে দেয়া হবে এবং সেগুলো ধূলোমাটির মতো সারা দুনিয়ার বুকে ছড়িয়ে সমগ্র দুনিয়াকে এমন একটি সমতল প্রান্তরে পরিণত করে দেয়া হবে যেখানে কোন উঁচু নীচু, ঢালু বা অসমতল জায়গা থাকবে না। তার অবস্থা এমন একটি পরিষ্কার বিছানার মতো হবে যাতে সামান্যতমও খাঁজ বা ভাঁজ থাকবে না। [দেখুন, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### (১০৭) যাতে তুমি উঁচু-নীচু দেখবে না।’

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2455

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন